বার্ষিক প্রতিবেদন
২০২০-২০২১

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)

গাংনী, মেহেরপুর

ভূমিকা

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে অবস্থিত মেহেরপুর জেলাধীন গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রামে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি নামের প্রতিষ্ঠানটি ১৫ ফেব্রুয়ারি ১৯৭০ খ্রিষ্টাব্দ তারিখে কতিপয় উৎসাহী যুবক ক্লাব হিসেবে প্রতিষ্ঠা করেন। অগ্রণী ভূমিকায় ছিলেন ১) মোঃ নজরুল ইসলাম (সভাপতি), ২) মোঃ সুজাউদ্দীন (সহ-সভাপতি), ৩) মুহঃ মোশাররফ হোসেন (সম্পাদক), ৪) মোঃ এমদাদুল হক (কোষাধ্যক্ষ), ৫) মোঃ রুস্তম আলী (চাঁদা আদায়কারী), ৬) মোঃ আব্দুল আজিজ (লাইব্রেরীয়ান), ৭) মোঃ জহির উদ্দীন (সদস্য), ৮) মোঃ আব্দুল জলিল (সদস্য), ৯) মোঃ আবুল হোসেন (সদস্য), ১০) মোঃ দৌলাত হোসেন (সদস্য), ১১) মোঃ বাবুর আলী (সদস্য), ১২) মোঃ দাউদ হোসেন (সদস্য), ১৩) মোঃ নফর উদ্দীন (সদস্য), ১৪) মোঃ গোলাম হোসেন (সদস্য), ১৫) মোঃ আইন উদ্দীন (সদস্য) ও ১৬) মোঃ মোশারেফ হোসেন (সদস্য)। অনুন্নত ও সমস্যা জর্জরিত এলাকার অশিক্ষা, বাল্য বিবাহ এবং অধিক জনসংখ্যা রোধের চেতনা থেকে প্রতিষ্ঠানটির জন্ম হয়। ১৯৭৫ সাল পর্যন্ত ক্লাবের কোন নিজস্ব অফিস ছিল না। প্রতিষ্ঠাতা সম্পাদক মুহঃ মোশাররফ হোসেন-এর পড়ার ঘরে দেয়াল আলমারীতে সদস্যদের ব্যক্তিগত উদ্যোগে লাইব্রেরীর কাজ শুরু হয়।

১৯৭৫ সালে জনাব ফরমান আলী তাঁর বাড়ী সংলগ্ন জমিতে একটি অফিস ঘর করে ক্লাবটি পরিচালনা করার জন্য অনিচ্ছা সত্ত্বেও অনুমতি দেন। সদস্যগণ সকলে কায়িক পরিশ্রম করে সেখানে একটি মাটির দেয়াল দিয়ে খড়ের ঘর তৈরী করেন। লাইব্রেরীর বই পড়ার লোকের সংখ্যা অত্যন্ত কম থাকায় স্বেচ্ছাসেবার ভিত্তিতে ১৯৭৫ সালে বয়স্ক শিক্ষা কর্মসূচী শুরু করা হয়। প্রতিষ্ঠানটি ১৯৭৬ সালে ২০শে আগস্ট সমাজ সেবা দপ্তর থেকে নিবন্ধন লাভ করে। এতে সদস্যদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা বেড়ে যায়। ক্লাবের অধিকাংশ সদস্য তখন ছিলেন বাল্য বিবাহের শিকার। তাদের নিজেদের প্রয়োজন অনুভব করে পরিবার পরিকল্পনা দপ্তরে যোগাযোগ করে নিজেরা ক্লায়েন্ট হন এবং জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী সংগ্রহ করে একান্ত নিজের লোকদের কাছে বিতরণ করেন।

ক্লাবটির আরও উন্নতি করার লক্ষ্যে ১৯৭৭ সালের দিকে কুষ্টিয়ার আড়ুয়াপাড়া ক্লাবটি দেখার জন্য যাওয়া হয়। উক্ত ক্লাবের ডাষ্টবিনে ফ্যামিলি প্লানিং ইন্টারন্যাশনাল এ্যাসিস্ট্যান্ট (এফপিআইএ)-এর বাংলায় লেখা একটি পত্র পাওয়া যায়। ঐ ক্লাবের এক সদস্যের অনুমতি সাপেক্ষে পত্রটি এনে উক্ত সংস্থার নিকট একটি পত্র পাঠানো হয়। এ প্রেক্ষিতে তাঁরা পূর্বে কোন যোগাযোগ ছাড়াই বেশ কয়েক কার্টুন জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী হোম বাউন্ড সিপিং করপোরেশনের প্রতিনিধির মাধ্যমে সরাসরি ক্লাবের অফিসে পৌঁছে দেন। এ অবস্থা দেখে সকল সদস্যর মধ্যে কাজের আগ্রহ ও উদ্দীপনা আরও বেড়ে যায় এবং সদস্যরা খুব গোপনে পরিবার পরিকল্পনা কাজ স্বেচ্ছাসেবার ভিত্তিতে করে যান। গোপনে গোপনে কাজ করার কারণ, তখন প্রকাশ্যে পরিবার পরিকল্পনার কথা বলা অত্যন্ত দুরূহ ব্যাপার ছিল। পরবর্তীতে তৎকালিন থানা পরিবার পরিকল্পনা অফিসার জনাব আনোয়ারুজ্জামান-এর পরামর্শক্রমে পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে ১৯৭৮ সালে ১৫ই আগস্ট এ সংগঠন নিবন্ধন লাভ করে এবং সেই বছরেই পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে ৩,০০০/- টাকা অনুদান পাওয়া যায়। অনুদান পেয়ে সকলের মাঝে ব্যাপকভাবে কাজ করার সাড়া জেগে উঠে।

পরবর্তীতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে মূল্যায়নের জন্য এক প্রতিনিধি দল আসেন। তাঁরা জানান "যে অনুদান দেয়া হয়েছে তা আর পরবর্তীতে দেয়া সম্ভব হবে না"। এর কারণ অনুদানটি শহর এলাকার জন্য ছিল। তাঁরা কাজের অগ্রগতি দেখে খুবই সন্তোষ প্রকাশ করেন। মূল্যায়ন টীম সান্তনা হিসেবে জানান, গ্রামাঞ্চলে কোন বিদেশী দাতা সংস্থা কাজ করতে আগ্রহ প্রকাশ করলে তাদের কাছে এ প্রতিষ্ঠানের জন্য সুপারিশ করবেন। যেমন কথা তেমন কাজ! ১৯৮০ সালের দিকে "দি এশিয়া ফাউন্ডেশন"-এর নিকট থেকে একটি পত্র পাওয়া যায়। সেই পত্র অনুযায়ী যোগাযোগ করলে দি এশিয়া ফাউন্ডেশনের পক্ষ থেকে বেশ কয়েকবার দেশী-বিদেশী কর্মকর্তাগণ পরিদর্শনে আসেন এবং পরবর্তীতে তাঁরা নিজে একটি প্রজেক্ট প্রোপোজাল তৈরী করে দেন। যা' সরকারের জাতীয় কমিটি "এফপিসিভিও"-এর নিকট দাখিল করা হয় এবং বহু ঘুরাঘুরির পর ১,৫২,১০০/- টাকার বাজেট অনুমোদন পাওয়া যায়। এটা ছিল প্রতিষ্ঠানের জন্য চরম আশাতীত পাওনা। প্রতিষ্ঠানের যে সমস্ত সদস্য অধিক জনসংখ্যা রোধের প্রবক্তা এবং কেউ কেউ পরিবার পরিকল্পনা কর্মসূচীর "ক্লায়েন্ট", তাদেরই কেউ আবার কর্মী হয়ে দাঁড়ান। মহিলা কর্মী না পাওয়ায় কেউ কেউ নিজ স্ত্রীকে মাঠে নামাতে বাধ্য হন। সদস্যরা সামান্য ভাতা নিয়ে সমন্বিত পরিবার পরিকল্পনা প্রকল্পটি চালাতে থাকেন।

তৎকালিন মহকুমা প্রশাসক জনাব তৌফিক-ই-এলাহী-এর দেয়া কয়েক বান্ডিল টিন দিয়ে তৈরী ছাপড়া ঘরে প্রকল্পের কাজ চলতে থাকে। যে সকল সদস্য কর্মী হিসাবে কাজ করার সুযোগ পেয়েছেন তাঁরা মাটির ঘর পরিবর্তন করে পাকা ঘরের প্রস্তাব করেন। কিন্তু একটি পয়সাও জমা নেই। একমাত্র আয় বলতে সদস্যদের এক টাকা করে মাসিক চাঁদা। তাও আবার অভিভাবকের ঘর থেকে গোপনে সংগ্রহ করা কোন দ্রব্য-সামগ্রী বিক্রি করার টাকা। সকলে মিলে সিদ্ধান্ত হয় যেহেতু এ প্রতিষ্ঠানটিতে আমরা কেউ চাকরি করবো এমন প্রত্যাশা স্বপ্নেও ভাবিনি তাই আমরা ভাতা হিসাবে যা পাবো তা ছয় মাস পর্যন্ত সংস্থায় জমা করবো এবং পরবর্তীতে বেতন/ভাতার ৫% করে অনুদান দিয়েই যাবো এবং প্রয়োজনে আরও দেবো। সেই মানসে আজকে প্রতিষ্ঠানের যে সম্পদ সৃষ্টি হয়েছে তা তারই ফসল। পরবর্তীতে জনাব ফরমান আলী প্রতিষ্ঠানের কাজে সন্তুষ্ট হয়ে ২.৫ শতক জমি দান করেন। উক্ত জমিতে কর্মীদের দানের টাকা দিয়ে একতলা ভবন নির্মাণ করা সম্ভব হয়। তৎকালিন জেলা প্রশাসক জনাব এ কে এম ফজলুল হক মিঞা গৃহটি আনুষ্ঠানিক উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের কর্মী ও সদস্যদের নিরলস প্রচেষ্টা এবং ত্যাগের বিনিময়ে সকল বাধা অতিক্রম করে হাঁটি হাঁটি পা পা করে সংগঠনের কার্যক্রম সম্প্রসারিত হয়েছে।

সূচীপত্র

১।	সম্মানিত কার্যনির্বাহী সদস্যদের তালিকা	০৪
২।	সম্মানিত সাধারণ সদস্যদের তালিকা	০৫
৩।	পটভূমি	০৭
৪।	স্বপ্ন	০৭
৫।	ব্রত বিবৃতি	০৭
৬।	মূল্যবোধ	০৭
৭।	অবস্থান	০৭
৮।	সংগঠনের আইনগত মর্যাদা	০৭
৯।	কর্মসংস্থান সৃষ্টি কর্মসূচি (ঋণ কার্যক্রম)	০৮
	● বছর ভিত্তিক উপকারভোগী, সঞ্চয়, ঋণ বিতরণ ও ঋণ আদায় বিবরণী	০৮
	● ঋণের খাত	০৯
	● ঋণ কার্যক্রমের গুরুত্বপূর্ণ তথ্য/সূচক	০৯
	● সদস্য কল্যাণ তহবিল	১০
১০।	দারিদ্র্য দূরীকরণের লক্ষে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচি	১১
১১।	কৃষি উন্নয়ন কর্মসূচি	১৩
১২।	মৎস্য উন্নয়ন কর্মসূচি	১৫
১৩।	প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচি	১৬
১৪।	লার্নিং এন্ড ইনোভেশন ফান্ড টু টেস্ট নিউ আইডিয়া (LIFT)	১৭
	● উচ্চমূল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ কর্মসূচি	১৭
	● ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন কর্মসূচি	১৮
১৫।	উচ্চমুল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ (হ্যাচারী)	২০
১৬।	ব্ল্যাকবেঙ্গল ছাগলের কৌলিকমান সংরক্ষণ ও প্রজনন (খামার)	২০
১৭।	প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি	২২
১৮।	বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি (এডিআর) প্রকল্প	২২
	● বিরোধ নিষ্পত্তি (সালিশ)	২২
	● বছর ভিত্তিক বিরোধ নিষ্পত্তি	২৩
	● উপকারভোগীদের মধ্যে ব্ল্যাক বেঙ্গল ছাগল বিতরণ	২৪
১৯।	গ্রাম দারিদ্রমুক্তকরণ প্রকল্প	২৪
২০।	মামনি-মাতৃ ও নবজাতক স্বাস্থ্যসেবা উন্নয়ন প্রকল্প	২৫
২১।	সমন্বিত শিশু উন্নয়ন প্রকল্প-শিশুদের জন্য (আইসিডিপি-এসজে) টেকসইকরণ	২৫
২২।	গ্রন্থাগার কর্মসূচি	২৭
২৩।	স্বয়ম্ভরতা কর্মসূচি	২৭
২৪।	কোভিড-১৯ মোকাবেলায় গৃহীত কর্মসূচি	২৭
২৫।	প্রকল্প/কর্মসূচি ও দাতা সংস্থার নাম	২৮
২৬।	প্রধান ও শাখা কার্যালয়ের ঠিকানা	২৮

সম্মানিত কার্যনির্বাহী সদস্যদের তালিকা

মোঃ রমজান আলী
প্রেসিডেন্ট

মোঃ নুরুল ইসলাম
ভাইস-প্রেসিডেন্ট

ফরিদা আকতার
ভাইস-প্রেসিডেন্ট

মোঃ আমজাদ হোসেন
কোষাধ্যক্ষ

মুহঃ মোশাররফ হোসেন
সদস্য সচিব
(নির্বাহী পরিচালক)

মোঃ নফর আলী
নির্বাহী সদস্য

মোছাঃ রেহানা ইয়াসমিন
নির্বাহী সদস্য

মোছাঃ গুলশানারা খাতুন
নির্বাহী সদস্য

এ্যাডঃ মোঃ সরোয়ার হোসেন
নির্বাহী সদস্য

সম্মানিত সাধারণ সদস্যগণের তালিকা

মোঃ নজরুল ইসলাম
প্রতিষ্ঠাতা সভাপতি

মুহঃ মোশাররফ হোসেন
প্রতিষ্ঠাতা সম্পাদক

মোঃ বাবুর আলী

মোঃ নফর আলী

মোঃ কাওছার আলী

মোছাঃ বুলবুল আরজুমান বানু

মোঃ রমজান আলী

মোছাঃ আসমা খানম

মোঃ আসাদ উদ-দৌলা শান্তি

মোঃ আমজাদ হোসেন

আহাম্মদ হোসেন

মোঃ সরোয়ার হোসেন

মোছাঃ গুলশানারা খাতুন

মোছাঃ হাজেরা বেগম

মোছাঃ রেহানা ইয়াসমিন

মোঃ রিয়াজুল করিম শেখ

সম্মানিত সাধারণ সদস্যগণের তালিকা

মোঃ মোজাম্মেল হক

মোঃ ফজলুল হক

মোঃ নুরুল ইসলাম

ফরিদা আকতার

মোছাঃ মাজকুরা খাতুন

মোছাঃ আজমী রেজয়ানা

মোছাঃ আল্পনা আক্তার

মোছাঃ জুলেখা বেগম

পটভূমি ঃ

মেহেরপুর জেলাধীন গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রামের কয়েকজন উৎসাহী যুবক সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সংগঠনটি (পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি) ১৫ ফেব্রুয়ারি ১৯৭০ খ্রিষ্টাব্দ তারিখে পলাশীপাড়া গ্রামে প্রতিষ্ঠিত করে।

স্বপ্ন ঃ

সমাজের সুবিধাবঞ্চিত শ্রেণীর মানুষেরা আনন্দ ও মর্যাদার সাথে জীবনকে উপভোগ করবে।

ব্রত বিবৃতি ঃ

আমরা বাংলাদেশের স্বল্পোন্নত ও সুবিধবঞ্চিত জনগোষ্ঠীর ক্ষমতায়নে প্রতিশ্রুতিবদ্ধ। এজন্য অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে জীবিকা উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, জলবায়ু পরিবর্তন, মানব উন্নয়ন এবং অধিকার ও সুশাসন প্রসঙ্গ বিবেচনা করে আমরা যা করি তা হলঃ

- সচেতনতা, শিক্ষা এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সহজাত সম্ভাবনাগুলি প্রস্ফুটিতকরণে সহায়তা করা;
- সংশ্লিষ্ট ক্ষেত্রে সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীদের মাঝে শক্তিশালী সংযোগ সৃষ্টিতে সহায়তা করা; এবং
- প্রয়োজনীয় অর্থনৈতিক এবং অন্যান্য সহায়তা ও উপকরণ সরবরাহ নিশ্চিত করা।

মূল্যবোধ ঃ

- স্বচ্ছতা
- ন্যায়
- মর্যাদা
- সম্পূর্ণতা

অবস্থান ঃ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর প্রধান কার্যালয় বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমে মেহেরপুর জেলার গাংনী উপজেলায় অবস্থিত। সংগঠনের কাজের সুবিধার্থে ৬২ টি শাখা কার্যালয়ঃ মেহেরপুর জেলার গাংনীতে-৮টি, মেহেরপুর সদরে-২টি ও মুজিবনগরে-৫টি; কুষ্টিয়া জেলার দৌলতপুরে-৩টি, ভেড়ামারায়-৩টি, মিরপুরে-৩টি ও কুষ্টিয়া সদরে-২টি, কুমারখালীতে-১টি, খোকসায়-১টি; চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গায়-৩টি, দামুড়হুদায়-২টি; ফরিদপুর সদর উপজেলায়-২টি, চরভদ্রাসনে-১টি, নগরকান্দায়-১টি, মধুখালীতে-১টি, বোয়ালমারীতে-১টি, আলফাডাঙ্গায়-১টি, সালথায়-১টি, ভাঙ্গায়-১টি, সদরপুরে-১টি; মাদারীপুর সদর উপজেলায়-১টি, কালকিনিতে-১টি, রাজৈরে-১টি, শিবচরে-১টি; ঝালকাঠি সদর উপজেলায়-১টি; শরিয়তপুর সদর উপজেলায়-২টি, নড়িয়ায়-১টি, জাজিরাতে-১টি, ভেদরগঞ্জে-১টি, ডামুড্যাতে-১টি, গোসাইরহাটে-১টি; মানিকগঞ্জ সদর উপজেলায়-২টি, সাটুরিয়াতে-১টি, সিংগাইরে-১টি, শিবালয়ে-১টি, হরিরামপুরে-১টি ও দৌলতপুরে-১টি স্থানীয়ভাবে পরিচালিত হচ্ছে এবং কার্যক্রম বাস্তবায়নে সরাসরি সক্রিয় ভূমিকা পালন করে যাচ্ছে।

সংগঠনের আইনগত মর্যাদা ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন বিভাগ হতে নিবন্ধন প্রাপ্ত ঃ

সমাজ সেবা দপ্তর (স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থা-নিবন্ধন ও নিয়ন্ত্রণ-অধ্যাদেশ, ১৯৬১) ঃ

কুষ্টিয়া-৬০/৭৬ — তারিখ ঃ আগষ্ট ২০, ১৯৭৬ খ্রিষ্টাব্দ।

পরিবার পরিকল্পনা দপ্তর (স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থা-নিবন্ধন ও নিয়ন্ত্রণ-অধ্যাদেশ, ১৯৬১) ঃ

এফ পি/কুষ/৭৮/১৩৪৯(৩২) — তারিখ ঃ আগষ্ট ১৫, ১৯৭৮ খ্রিষ্টাব্দ।

এন জি ও বিষয়ক ব্যুরো (বৈদেশিক সাহায্য-স্বেচ্ছাসেবী কার্যক্রম-অধ্যাদেশ, ১৯৭৮) ঃ

ডি এস এস/এফ ডি ও/আর-১৫৭ — তারিখ ঃ এপ্রিল ১৮, ১৯৮৪ খ্রিষ্টাব্দ।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি ঃ

এমআরএ-০৩১৬৪-০০৬০৬-০০০৬৯ — তারিখ ঃ নভেম্বর ২৯, ২০০৭ খ্রিষ্টাব্দ।

যুব উন্নয়ন অধিদপ্তর ঃ

যুউঅ/মেহের-৬৪/২০০৯ — তারিখঃ জুলাই ১২, ২০০৯ খ্রিষ্টাব্দ।

জাতীয় রাজস্ব বোর্ড ঃ

টি আই এন	ঃ	১৩৬২৩৬৮৭৮৪০১	তারিখ ঃ জানুয়ারি ১৯, ২০০৫ খ্রিষ্টাব্দ।
ভ্যাট	ঃ	১৪২০১০০৪১১৮	তারিখ ঃ নভেম্বর ১০, ২০০৮ খ্রিষ্টাব্দ।
পি এফ	ঃ	১/আনু/আ:সা:/২০১৩-২০১৪/৮০৪	তারিখ ঃ জানুয়ারি ২০, ২০১৪ খ্রিষ্টাব্দ।
জি পি এফ	ঃ	১/আনু/আ:সা:/২০২০-২০২১/৪৫৪	তারিখ ঃ সেপ্টেম্বর ৩০, ২০২০ খ্রিষ্টাব্দ।

কর্ম-সংস্থান সৃষ্টি কর্মসূচি (ঋণ কার্যক্রম)ঃ

দারিদ্র্য বিমোচন করার লক্ষ্যে অত্র সংস্থা গ্রামীণ দরিদ্র, বিত্তহীন নারী ও পুরুষদের সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি বিভিন্নমূখী প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা আনয়ন এবং আত্ম-কর্ম-সংস্থান সৃষ্টির উদ্দেশ্যে লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীকে ব্যক্তিগত ও দলীয় আলোচনার মাধ্যমে সমিতিভূক্ত করে থাকে।

সচেতনতা বৃদ্ধির জন্য তাদের দৈনন্দিন পারিবারিক ও অর্থনৈতিক সমস্যার উপর আলোকপাত করা হয় এবং সমস্যার সম্ভাব্য সমাধানের জন্য যৌথ চিন্তা ভাবনার মাধ্যমে সঠিক সমাধান বের করার চেষ্টা করা হয়। সমিতিগুলিকে একক ও যৌথ কার্যক্রম গ্রহণের জন্য উৎসাহিত করা হয় এবং সমিতিগুলি তাদের অর্থনৈতিক অবস্থার উপর সুদৃঢ় রাখার জন্য মূলধন সংগ্রহের লক্ষ্যে নিয়মিত সঞ্চয় আদায় করে থাকে। বর্তমান ১,৫৬৬ টি সমিতি রয়েছে। এর সদস্য সংখ্যা ২৬,১৫১ জন। সমিতিগুলির সম্মিলিত সঞ্চয় মূলধন ১৪,২৬,০৪,০৫৬ টাকা মাত্র।

সংগঠিত সমিতিগুলিকে সামাজিক উন্নয়নের পাশাপাশি অর্থনৈতিক উন্নয়নের লক্ষে আয় বৃদ্ধিমূলক কার্যক্রমের জন্য সহজ পদ্ধতিতে ঋণ প্রদান করা হয়ে থাকে। বর্তমান ২৬,১৫১ জন সদস্যর মধ্যে ২৩,৩৭৩ জন সদস্য ঋণ ব্যবহার করছে। এ বছর বিভিন্ন প্রকল্পের জন্য ২৪,৪৭৮ জন সদস্যকে প্রধানতঃ ক্ষুদ্র ব্যবসা, পশুপালন, কৃষি ও শাক-সব্জি চাষ এর জন্য ৮০,৮৬,৭৪,০০০ টাকা ঋণ প্রদান করা হয়।

বছর ভিত্তিক উপকারভোগী, সঞ্চয়, ঋণ বিতরণ ও ঋণ আদায় বিবরণীঃ









আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

ঋণের খাতঃ

বিভিন্ন ধরণের প্রকল্পের আওতায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়ে থাকে যেমন- ১) জাগরণ, ২) অগ্রসর, ৩) বুনিয়াদ, ৪) সুফলন, ৫) আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, ৬) সম্পদ সৃষ্টি, ৭) জীবনযাত্রার মান উন্নয়ন ৮) লিফট ৯) অগ্রসর-এমডিপি ও ১০) এলআরএল।



প্রকল্প ভিত্তিক ঋণ গ্রহিতা ও ঋণ বিতরণ ঃ

প্রকল্পের নাম	সদস্য	ঋণের পরিমাণ
জাগরণ	১১,৪৬৫	৩৩,৬০,৯৬,০০০
অগ্রসর	১,৭৭৩	১৪,১৫,৫৭,০০০
বুনিয়াদ	১,৭৯৯	৩,৩৪,৯১,০০০
সুফলন	৫,৪৪২	১১,৭২,৪৯,০০০
আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	১,৪৭৩	৭,৬১,৯৭,০০০
সম্পদ সৃষ্টি	৩৪	৯,৮৪,০০০
জীবনযাত্রার মান উন্নয়ন	৫৭	৫,৭০,০০০
লিফট	৫৬৮	১,৮৮,৮৬,০০০
অগ্রসর-এমডিপি	৭৮০	৫,৫৪,৬৭,০০০
এলআরএল	১,০৮৭	২,৮১,৭৭,০০০
মোট	২৪,৪৭৮	৮০,৮৬,৭৪,০০০



ঋণ কার্যক্রমের গুরুত্বপূর্ণ তথ্য/সূচকঃ

সূচক	২০১৮-২০১৯	২০১৯-২০২০	২০২০-২০২১
শাখার সংখ্যা	২২	২২	২২
সমিতির সংখ্যা	১,৫৭৪	১,৫৯৩	১,৫৬৬
সমিতির গড় সদস্য	১৭	১৬	১৭
কর্মীর গড় সদস্য	২৫৪	২৫২	২৪০
মোট সদস্য সংখ্যা	২৭,১৩৫	২৫,৯৩৭	২৬,১৫১
মোট ঋণী সদস্য সংখ্যা	২৪,১৪৬	২৩,৮৯০	২৩,৩৭৩
ঋণ গ্রহিতার হার (%)	৮৯	৯২	৮৯
কর্মীর গড় ঋণী সদস্য	২২৬	২৩২	২১৪
সঞ্চয় স্থিতি (টাকা)	১২,৭৫,৬৬,২৮৩	১৪,৬০,৩৮,৬৩১	১৪,২৬,০৪,০৫৬
ঋণ বিতরণ (টাকা)	৭৭,৭৭,৭৪,০০০	৭১,৭০,৫০,০০০	৮০,৮৬,৭৪,০০০
ঋণ আদায়ের হার (ক্রমপুঞ্জিভূত)	৯৮.৪৭	৯৮.৬৫	৯৯.৪১
ঋণ স্থিতি (টাকা)	৪৪,২০,৭৭,৯১৭	৪৭,৭৫,১৮,৭৯৩	৫১,৯৮,৩৪,৪৪৪
কর্মী প্রতি ঋণস্থিতি	৪১,৩১,৫৬৯	৪৬,৩৬,১০৫	৪৭,৬৯,১২৩
গড় ঋণ সাইজ	২৬,১৩৭	৩১,৯২১	৩৩,০৩৭
ডেবথ টু ক্যাপিটাল রেশিও	৪.৯৭ঃ১	৫.৭১ঃ১	৫.৭৬ঃ১
ক্যাপিটাল এ্যাডুকুইটেন্সি রেশিও	১৬.৭৫%	১৬.০১%	১৬.২৭%
কারেন্ট রেশিও	১.৮১ঃ১	১.৬৬ঃ১	১.৫৯ঃ১
লিকুইডিটি টু সেভিংস ডিপোজিট রেশিও	১০.১১%	১০.০৭%	১০.৩১%
ডেবথ সার্ভিস কভার রেশিও	১.০৬ঃ১	১.০২ঃ১	১.০৫ঃ১
রেট অব রিটার্ন অন ক্যাপিটাল	২৫.০৯%	১২.৭৮%	১১ঃ০৫%

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য



আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

আত্ম-কর্ম সংস্থানে দলীয় সদস্য

সদস্য কল্যাণ তহবিলঃ

সদস্যদের অর্থনৈতিক অবস্থার মুক্তির পাশাপাশি বিভিন্ন প্রতিকূল পরিস্থিতিতেও যেন তাদের ভিতর হতাশা ও পুনরায় দরিদ্রতা ফিরে না আসে সেই লক্ষ্যে দলীয় সদস্যদের কল্যাণের জন্য "সদস্য কল্যাণ তহবিল" সৃষ্টি করা হয়। তহবিলের উদ্দেশ্য ঋণ গ্রহণের পর যদি কোন সদস্য বা তার স্বামী মৃত্যুবরণ করে (আত্মহত্যা ব্যতীত) তাহলে ঐ সদস্যের নিকট যে পরিমাণ ঋণ পাওনা থাকবে (আসল) সেই পরিমাণ অর্থ "সদস্য কল্যাণ তহবিল" থেকে অনুদান হিসাবে প্রদান করে তার দায় পরিশোধ/সমন্বয় করা হয়ে থাকে। এছাড়াও যদি কোন সদস্য বা সদস্যর স্বামী বা সদস্যর অবিবাহিত ছেলে-মেয়ের গুরুতর অসুস্থতার কারণে অপারেশনের প্রয়োজন দেখা দেয় সেক্ষেত্রে তাকে/তাদের চিকিৎসার ব্যবস্থা করা হয় এবং সেই সাথে সদস্যর কোন সন্তান যদি মেধাবী ছাত্র/ছাত্রী হিসাবে বিবেচিত হয় তবে তার উচ্চ শিক্ষার জন্য এককালিন অনুদান/বৃত্তি প্রদান করা হয়। বিবেচ্য বছরে ১৭৮ জন সদস্যকে মৃত্যুজনিত ৩৩,৭২,৫৯১/- টাকা ঋণ মওকুফ করা হয়েছে। ১০ জন সদস্যকে ৬১,৭৯৮/- টাকার স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।









মৃত্যু জনিত অনুদান প্রদান

স্বাস্থ্য অনুদান প্রদান করা হচ্ছে

কোভিড-১৯ সম্পর্কে জনসচেতনতা ও মাস্ক বিতরণ

দারিদ্র্য দূরীকরণের লক্ষে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচি ঃ

পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ-এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ মহোদয়ের মস্তিষ্কপ্রসূত একটি নতুন উদ্ভাবনী কর্মসূচি যার নাম "সমৃদ্ধি"। তৃণমূল পর্যায়ে দরিদ্র পরিবারগুলোর সামগ্রীক দারিদ্র্য দূরীকরণ ও টেকসই উন্নয়ন এবং সংশ্লিষ্ট সকলের মানবিক বিকাশ নিশ্চিত করায় এ কর্মসূচির মূল লক্ষ্য।

শিক্ষা কার্যক্রমঃ

দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের পিতামাতা বা অভিভাবকগণ অশিক্ষিত/স্বল্পশিক্ষিত হওয়ায় ছেলেমেয়েদের স্কুলে শিক্ষার ক্ষেত্রে সময় দিতে পারে না। ফলে ছেলেমেয়েরা স্কুলে পড়াশুনায় পিছিয়ে পড়ে এবং অবশেষে স্কুলে যাওয়ার আগ্রহ হারিয়ে ফেলে। প্রাথমিক শিক্ষাস্তরে শিক্ষার্থী ঝরে পড়ারোধে শিশু শ্রেণী হতে দ্বিতীয় শ্রেণীর ছাত্র ও ছাত্রীদের প্রতিদিনের পাঠ (সরকারী ছুটির দিন বাদে) প্রতিদিন বৈকালিক সময়ে শিক্ষা কেন্দ্রের মাধ্যমে শিক্ষার্থীকে পাঠদান করানো হয়। এছাড়াও শিক্ষার্থীদের পিতামাতা বা অভিভাবকগণকে শিক্ষা সম্পর্কে সচেতন করার লক্ষ্যে প্রতিমাসে প্রত্যেক শিক্ষা কেন্দ্রে একটি করে অভিভাবক সভা করা হয়ে থাকে। কার্যক্রমের প্রধান উদ্দেশ্য হচ্ছে ঃ প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মানোন্নয়ন, শিক্ষাক্ষেত্র থেকে ঝরে পড়া রোধের মাধ্যমে মেধার বিকাশ ঘটানো, স্কুল সম্পর্কে শিক্ষার্থীদের ভীতি দূর করা।

শিক্ষা কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম		অর্জন
ক)	শিক্ষা কেন্দ্র	৪৫ টি
খ)	ছাত্র-ছাত্রীর সংখ্যা	১,১২৮ জন
গ)	অভিভাবক সভা/উপস্থিতির সংখ্যা	-

শিক্ষা কেন্দ্রে শিক্ষার্থীবৃন্দ

শিক্ষা কেন্দ্রে শিক্ষার্থীবৃন্দ

স্কুলে সেশন পরিচালনা

স্বাস্থ্যসেবা কার্যক্রমঃ

স্বাস্থ্যসেবা কার্যক্রমের মূল উদ্দেশ্য হলো সমৃদ্ধি কর্মসূচিভূক্ত ইউনিয়নের অধিবাসীদের বিশেষতঃ প্রান্তিক দরিদ্র এবং ঝুঁকিপূর্ণ (নারী, শিশু ও বয়স্ক) জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবার অবস্থার টেকসই উন্নয়নের মাধ্যমে জনগণের অর্থনৈতিক ও সামাজিক মুক্তি এবং শারীরিক ও মানসিক কল্যাণ সাধন করা। স্বাস্থ্যসেবা কার্যক্রমের সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো ঃ

* মান সম্পন্ন স্বাস্থ্য সেবায় জনগণের অভিগম্যতা সৃষ্টি ও বৃদ্ধি করা;
* মা ও শিশুর অপুষ্টির হার হ্রাস করা;
* নিরাপদ ও স্বাস্থ্যসম্মত প্রসব ও নবজাতকের পরিচর্যার বিষয়ে কার্যকর ব্যবস্থা গড়ে তোলা; এবং
* স্বাস্থ্যসেবা সহজলভ্য করা ও ডাক্তারী পরামর্শ গ্রহণপূর্বক ঔষধ ব্যবহারের অভ্যাস গড়ে তোলা।

স্বাস্থ্যসেবা কার্যক্রমের অগ্রগতি ঃ

কার্যক্রম	অর্জন
স্বাস্থ্যসেবা কার্যক্রম ঃ	
ক) স্ট্যাটিক ক্লিনিক/রোগী সংখ্যা	১১০৩ টি/৯৯২৭ জন
খ) স্যাটেলাইট ক্লিনিক/রোগী সংখ্যা	৫২ টি/১৫৯৬ জন
প্রসব পূর্ব সেবা ঃ	
ক) ANC 1	৮৭৮ টি/৮৭৮ জন
খ) ANC 2	৮৭৬ টি/৮৭৬ জন
গ) ANC 3	৬৭৪ টি/৬৭৪ জন
ঘ) ANC 4	৩৩৬ টি/৩৩৬ জন
প্রসূতী মায়ের সেবা ঃ	
ক) মায়ের প্রসব পরবর্তী সেবা ১	২১৩ টি/২১৩ জন
খ) মায়ের প্রসব পরবর্তী সেবা ২	২৯০ টি/২৯০ জন
নবজাতকের সেবা ঃ	
ক) নবজাতককে প্রসব পরবর্তী সেবা ১	২১৩ টি/২১৩ জন
খ) নবজাতককে প্রসব পরবর্তী সেবা ২	২৫৬ টি/২৫৬ জন
গ) শিশু (৪৩ দিন হতে ১৭ বছর পর্যন্ত)	২৩২৩ টি/২৩২৩ জন
ঘ) সাধারণ চিকিৎসা	৫০১০ টি/৫০১০ জন
ঙ) স্বাস্থ্য ক্যাম্প / রোগী সংখ্যা	২ টি/৪১০ জন
চ) চক্ষু ক্যাম্প / রোগী সংখ্যা (ছানি অপারেশন)	১ টি/২০৫ জন
ছ) স্বাস্থ্য কার্ড বিক্রয়	৪২৯৫ টি
জ) স্বাস্থ্য সচেতনতামূলক সভা আয়োজন	৪৫৬ টি/২৮১২ জন
ঝ) ডায়াবেটিস পরীক্ষা	২৩৫৫ টি/২৩৫৫ জন

স্ট্যাটিক ক্লিনিকে সেবা প্রদান

স্ট্যাটিক ক্লিনিকে সেবা প্রদান

স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদান

স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদান

ANC-1 সেবা প্রদান

ANC-2 সেবা প্রদান

নবজাতককে প্রসব পরবর্তী সেবা প্রদান-১

নবজাতককে প্রসব পরবর্তী সেবা প্রদান-২

সাধারণ চিকিৎসা সেবা প্রদান

স্বাস্থ্য ক্যাম্প

চক্ষু ক্যাম্প

স্বাস্থ্য সচেতনতামূলক সভা আয়োজন

ডায়াবেটিস পরীক্ষা

স্বাস্থ্য কার্ড বিক্রয়

উঠান বৈঠক

কৃষি উন্নয়ন কর্মসূচি ঃ

বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নের প্রধান উৎস কৃষি। দেশের জিডিপির একটি বড় অংশ যোগ হয় এই খাত থেকে। দেশের কৃষি উৎপাদন আরো বৃদ্ধির লক্ষ্যে সংস্থার লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীকে কারিগরি সেবা ও নতুন নতুন কৃষি প্রযুক্তি কৃষকদের মাঝে সম্প্রসারণ করা হচ্ছে।

কার্যক্রম	অর্জন
প্রযুক্তি সম্প্রসারণ (পদ্ধতি, ফলাফল, ব্লক প্রদর্শনী ইত্যাদি) ঃ	
ক) মাটির স্বাস্থ্য সুরক্ষায় ট্রাইকো কম্পোষ্ট উৎপাদন	১৫ টি/১৫ জন
খ) প্রতিকূল পরিবেশ (বন্যা/খরা/লবনাক্ত) সহনশীল ও বিশেষ গুনসম্পন্ন নতুন ধানের জাত প্রচলন	৮ টি/৮ জন
গ) প্রতিকূল পরিবেশ (বন্যা/খরা/লবনাক্ত) সহনশীল ও বিশেষ গুনসম্পন্ন নতুন ফসল জাত প্রচলন	২০ টি/২০ জন
ঘ) পেঁয়াজ বীজ উৎপাদন ও পেঁয়াজ চাষ সম্প্রসারণ ক্লাস্টার	১৫ টি/১৫ জন
ঙ) নিরাপদ সবজি উৎপাদন হাব ক্লাস্টার	২৫ টি/২৫ জন
চ) উচ্চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা সৃষ্টি	৩ টি/৩ জন
ছ) গ্রীষ্মকালীন তরমুজ (বেবী তরমুজ) চাষ প্রদর্শনী	৪ টি/৪ জন
জ) উচ্চমূল্যের মসলা ফসল (চুইঝাল, বোম্বাই মরিচ, সাদা এলাচ, বোখরা, তেজপাতা) উৎপাদন	২ টি/২ জন
ঝ) আন্তঃফসল চাষ প্রদর্শনী	৫ টি/৫ জন
কৃষি সংক্রান্ত প্রশিক্ষণ এবং মাঠ দিবস, কৃষি পরামর্শ কেন্দ্র ঃ	
ক) কৃষক প্রশিক্ষণ	৩ টি/৭৫ জন
খ) মাঠ দিবস	৩ টি/২২৫ জন
গ) কৃষি পরামর্শ কেন্দ্র	৩ টি/১৮০ জন
ঘ) উপজেলা সমন্বয় ও পরিকল্পনা সভা	১ টি/১৫ জন
প্রযুক্তি সহায়ক উপকরণ বিতরণ ঃ	
ক) ফেরোমন লিউর	৪০০ টি/২৫ জন
খ) নিরাপদ আম উৎপাদনে ফ্রুট ব্যাগ	২০০০ টি/২ জন
গ) সবজি বীজ	৩০ টি/৩০ জন
প্রচার/প্রচারণা ঃ	
ক) বিলবোর্ড	১ টি
খ) প্রযুক্তি ভিত্তিক উপকরণ সাইনবোর্ড	২ টি

ট্রাইকো কম্পোস্ট

বিশেষ গুণসম্পন্ন নতুন ধানের জাত প্রচলন

উচ্চ ফলনশীল নতুন ফসল জাত প্রচলন

পেঁয়াজ বীজ উৎপাদন ও পেঁয়াজ চাষ সম্প্রসারণ

নিরাপদ সবজি উৎপাদান হাব ক্লাস্টার

উচ্চমূলের ফল উৎপাদনে উদ্যোক্তা সৃষ্টি

গ্রীষ্মকালীন তরমুজ (বেবী তরমুজ) চাষ প্রদর্শনী

উচ্চমূল্যের মসলা ফসল উৎপাদন

আন্তঃফসল চাষ প্রদর্শনী

নিরাপদ আম উৎপাদনে ফ্রুট ব্যাগ

কৃষক প্রশিক্ষণ

কৃষি পরামর্শ কেন্দ্র

মাঠ দিবস

প্রযুক্তিভিত্তিক উপকরণ সাইনবোর্ড

বিলবোর্ড

মৎস্য উন্নয়ন কর্মসূচী ঃ

নদী মাতৃক দেশ বাংলাদেশ। নদী ও খাল-বিলের নাব্যতা হারানোর সাথে সাথে প্রতিনিয়ত দেশীয় প্রজাতির মাছ বিলুপ্ত হচ্ছে। এই বিপন্নের হাত থেকে রক্ষা ও দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ, আর্থিক সহযোগিতা ও আধুনিক প্রযুক্তির মাধ্যমে মৎস্য চাষ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

কার্যক্রম	অর্জন
প্রদর্শনী খামার ঃ	
ক) কার্প-মলা-মনোসেক্স/লাল তেলাপিয়া মিশ্র চাষ	১০ টি/১০ জন
খ) দেশী শিং-মাগুর-পাবদা-গুলশা-কার্প মিশ্র চাষ	১০ টি/১০ জন
গ) কার্প ফ্যাটেনিং/কার্প জাতীয় মাছ মোটাতাজাকরণ	২০ টি/২০ জন
ঘ) উচ্চ ম্যল্যের চিতল, আইড় ও শোল মাছের মিশ্রচাষ	৫ টি/৫ জন
ঙ) ভিয়েতনাম পাঙ্গাশ-কার্প মাছের মিশ্র চাষ	২০ টি/২০ জন
চ) নার্সারী পুকুর/পোনা চাষের উদ্যোক্তা তৈরী	১০ টি/১০ জন
ছ) ট্যাংকে উচ্চমূল্যের মাছ চাষ/বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষ	৩ টি/৩ জন
জ) ফিশ ফিড তৈরীতে উদ্যোক্তা তৈরী	৪ টি/৪ জন
সদস্য পর্যায়ে সক্ষমতা বৃদ্ধি ঃ	
ক) মাছ চাষ বিষয়ক সদস্য প্রশিক্ষণ (অনাবাসিক)	২ টি/৫০ জন
খ) মাঠ দিবস (সদস্য পর্যায়)	১ টি/৭৫ জন
অন্যান্য ঃ	
ক) তথ্য ভিত্তিক বিলবোর্ড	১ টি
খ) তথ্য ভিত্তিক সাইনবোর্ড	৪ টি

কার্প-মলা-তেলাপিয়া মিশ্রচাষ

দেশি শিং-মাগুর-পাবদা-গুলশা মিশ্রচাষ

কার্প ফ্যাটেনিং/কার্প জাতীয় মাছ মোটাতাজাকরণ

উচ্চমূল্যের চিতল-আইড়-শোল-কার্প মিশ্রচাষ

ভিয়েতনাম পাঙ্গাস-কার্প মাছের মিশ্রচাষ

নার্সারী পুকুর ব্যবস্থাপনা ও পোনা চাষে উদ্যোক্তা সৃষ্টি

ট্যাংকে উচ্চমূল্যের মাছ চাষ/বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষ

ফিশ ফিড তৈরীতে উদ্যোক্তা সৃষ্টি

উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ

মাঠ দিবস

তথ্যভিত্তিক বিলবোর্ড

তথ্যভিত্তিক সাইনবোর্ড

প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচি ঃ

দেশের আমিষের চাহিদার সিংহ ভাগ পূরণ হয় প্রাণিসম্পদ থেকে। কৃষি প্রধান এই দেশে গবাদি পশু-পাখি পালনের বিপুল সম্ভাবনা ও কর্মসংস্থান সৃষ্টির সুযোগ রয়েছে। এই আলোকে পিএসকেএস জনগোষ্ঠীকে সঠিক পদ্ধতি, কারিগরি সেবা ও আর্থিক সহযোগিতার মাধ্যমে প্রাণিসম্পদ কর্মসূচি বাস্তবায়ন করছে।

কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম	অর্জন
প্রদর্শনী খামার ঃ	
ক) নিবিড় পদ্ধতিতে খাসি মোটাতাজাকরণ	২০ টি/২০ জন
খ) সঠিক জীব-নিরাপত্তায় জলবায়ু সহিষ্ণু কালার ব্রয়লার/ সোনালী মুরগি/হাইব্রিড ব্রয়লার মুরগি পালন	২০ টি/২০ জন
গ) মাংসের জন্য ব্রয়লার টাইপ পেকিন জাতের হাঁস পালন/ ডিমের জন্য খাকি ক্যাম্পবেল/জিনডিং জাতের হাঁস পালন	২০ টি/২০ জন
ঘ) বিশেষ আবাসন নিশ্চিত করে দেশি মুরগি পালন	৩৫ টি/৩৫ জন
ঙ) সমন্বিত পদ্ধতিতে (নিবিড় ও আধা-নিবিড়) কবুতর পালন	১০ টি/১০ জন
চ) রাজ হাসের প্রাকৃতিক হ্যাচারী	১০ টি/১০ জন
প্রাণিসম্পদ সংক্রান্ত প্রশিক্ষণ এবং মাঠ দিবস, পরামর্শ কেন্দ্র ঃ	
ক) লেয়ার/ব্রয়লার/সোনালী মুরগি বিষয়ক সদস্য প্রশিক্ষণ (অনাবাসিক)	২ টি/৫০ জন
খ) খামার দিবস (সদস্য পর্যায়ে)	২ টি/৫০ জন
প্রাণিসম্পদ ভিত্তিক প্রচারণা ঃ	
ক) তথ্য ভিত্তিক বিলবোর্ড	১ টি
খ) তথ্য ভিত্তিক সাইনবোর্ড	১ টি
প্রযুক্তি সহায়তা (উপকরণ: টিকা, কৃমিনাশক বোলাস ইত্যাদি) ঃ	
ক) কৃমিনাশক বোলাস	১৬০০ টি
খ) এফএমডি (ক্ষুরা) রোগের টিকা	১২ টি
গ) পিপিআর রোগের টিকা	১৭ টি
ঘ) বিসিআরডিভি/আরডিভি (রাণীক্ষেত) রোগের টিকা	৩২ টি
ঙ) ডাক প্লেগ রোগের টিকা	১২ টি

নিবিড় পদ্ধতিতে খাসি মোটাতাজাকরণ

সঠিক জীব নিরাপত্তায় সোনালী মুরগী পালন

মাংসের জন্য পেকিন জাতের হাঁস পালন

বিশেষ আবাসন নিশ্চিত করে দেশি মুরগি পালন

সমন্বিত পদ্ধতিতে কবুতর পালন

রাজহাঁসের প্রাকৃতিক হ্যাচারী

টিকা ও কৃমিনাশক প্রদান

প্রশিক্ষণ

খামার দিবস

তথ্যভিত্তিক বিলবোর্ড

তথ্যভিত্তিক সাইনবোর্ড

তথ্যভিত্তিক সাইনবোর্ড

লার্নিং এন্ড ইনোভেশন ফান্ড টু টেস্ট নিউ আইডিয়া (LIFT) ঃ

উচ্চমূল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছ চাষ কর্মসূচি ঃ

আমাদের দেশে দেশীয় মাছের জাতগুলি বিলুপ্তির পথে। পিএসকেএস পুষ্টি এবং আয়ের উৎস্য হিসেবে কৃষক পর্যায়ে জাতগুলি সংরক্ষণ এবং প্রচারের লক্ষ্যে কাজ করে।

কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম	অর্জন
লিফট-দেশী মাছ চাষ কর্মসূচি ঃ	
ক) মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপন	৫ টি/৫ জন
খ) আইড়, টাকি, শোল ও গজার মিশ্রচাষ প্রদর্শনী	১৫ টি/১৫ জন
গ) ব্ল্যাক কার্প ও মহাশোলের মিশ্রচাষ প্রদর্শনী	৫ টি/৫ জন
ঘ) পনা মাছের ব্যবসায়ী উদ্যোক্তা তৈরী	১৫ টি/১৫ জন
প্রশিক্ষণ ঃ	
ক) মৎস্য প্রশিক্ষণ	২ টি/৫০ জন
খ) মাঠ দিবস	২ টি/১০০ জন

মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপন

মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপন

শোল টাকি মিশ্রচাষ

ব্ল্যাক কার্প মাছের চাষ

পোনা মাছের ব্যাবসায়ী উদ্যোক্তা তৈরী

পোনা মাছের ব্যাবসায়ী উদ্যোক্তা তৈরী

প্রশিক্ষণ

মাঠ দিবস

মাঠ দিবস

ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন কর্মসূচি ঃ

ব্ল্যাক বেঙ্গল ছাগল একটি দেশীয় প্রজাতির ছাগল যা সমগ্র বাংলাদেশ, পশ্চিমবঙ্গ, বিহার, আসাম এবং ওড়িশায় পাওয়া যায়। মেহেরপুর এ জাতের ছাগলের জন্য বেশ পরিচিত। এই জাতটি সাধারণত রঙিন কালো রঙের তবে এটি বাদামি, সাদা বা ধূসর রঙেও পাওয়া যায়। ব্ল্যাক বেঙ্গল ছাগল আকারে ছোট তবে এর দেহের কাঠামো শক্ত। এর শিং ছোট এবং পা ছোট। একটি প্রাপ্তবয়স্ক পুরুষ ছাগলের ওজন প্রায় ২৫ থেকে ৩০ কেজি এবং একটি মহিলা ২০ থেকে ২৫ কেজি হয়। এটি দুধ উৎপাদনে দুর্বল। ফিডের চাহিদা কম এবং ছাগলছানা উৎপাদন উচ্চ হারের কারণে এটি বাংলাদেশে খুব জনপ্রিয়। ব্ল্যাক বেঙ্গল ছাগল অন্যান্য বংশের তুলনায় প্রথম বয়সে যৌন পরিপক্কতা অর্জন করে। স্ত্রী ছাগল বছরে দু'বার গর্ভবতী হয় এবং এক থেকে তিনটি বাচ্চার জন্ম দেয়। এই জাতটি সহজেই যে কোনও পরিবেশের সাথে মানিয়ে নিতে পারে এবং এর রোগ প্রতিরোধ ক্ষমতা খুব বেশি। এটি উচ্চমানের মাংস এবং ত্বক উৎপাদন করে।

এছাড়া হাঁস, মুরগী, গরু পালন, এদের খাবার, রোগ এবং রোগের চিকিৎসা, বানিজ্যিকভাবে হাঁস, মুরগী ও গরুর খামার প্রতিষ্ঠা ইত্যাদি নিয়ে অনেক গবেষণা হয়েছে এবং গবেষণালব্ধ ফলাফলের মাধ্যমে মানুষ এখন ব্যাপকভাবে পারিবারিক পর্যায়ে এবং বানিজ্যিক ভিত্তিতে লাভজনক হাঁস, মুরগী ও গরুর খামার তৈরী করছে। কিন্তু ছাগল পালন, এদের খাবার, রোগ এবং রোগের চিকিৎসা, বানিজ্যিকভাবে ছাগলের খামার প্রতিষ্ঠা ইত্যাদি নিয়ে এখনও সেরকম কোনও সফল গবেষণা সরকারী বা বেসরকারী পর্যায়ে হয়নি। যে কারণে পারিবারিক পর্যায়ে একটি-দুটি ছাগল পালনই শুধু লাভজনক হিসেবে বিবেচিত হয়ে আসছে। বিভিন্ন সময়ে ছোট, মাঝারি বা বড় আকারে বানিজ্যিক ভিত্তিতে বেসরকারী পর্যায়ে ছাগলের খামার স্থাপনের উদ্যোগ নেয়া হলেও উদ্যোগগুলো সফলতার মুখ দেখেনি। সরকারী পর্যায়ে বিশাল আকারে এবং পর্যাপ্ত সুবিধাসম্বলিত ছাগলের খামার থাকলেও সেগুলো মোটেও লাভজনক নয় বরং ভর্তুকি দিয়ে চলছে।

পিএসকেএস পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থ সহযোগিতায় ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন কর্মসূচীর আওতায় সংস্থার নিজস্ব খামারে ব্ল্যাক বেঙ্গল ছাগলের কৌলিকমান সংরক্ষণ ও প্রজনন এবং সদস্য পর্যায়ে ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন জনপ্রিয় করতে আর্থিক ও প্রযুক্তিগত সহায়তায় পারিবারিকভাবে ব্ল্যাক বেঙ্গল ছাগলের খামার স্থাপন করে দরিদ্র মানুষের জন্য ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন ও প্রজননের সুযোগ এবং কর্মসংস্থান সৃষ্টি করছে।

কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম	অর্জন
প্রযুক্তি সম্প্রসারণ (পদ্ধতি, ফলাফল ও ব্লক প্রদর্শনী ইত্যাদি) ঃ	
ক) ছাগী (বকরি/হাওলান/সেমি/হাইলন/ধারি) পালনকারী (বুনিয়াদ)	১০ টি/১০ জন
খ) ছাগী (বকরি/হাওলান/সেমি/হাইলন/ধারি) পালনকারী (জাগরণ)	২১ টি/২১ জন
গ) ছাগী (বকরি/হাওলান/সেমি/হাইলন/ধারি) পালনকারী (অগ্রসর)	৩ টি/৩ জন
ঘ) খাসি মোটাতাজাকরণ (অগ্রসর)	১ টি/১ জন
ঙ) বানিজ্যিক ঘাস উৎপাদন (জাগরণ)	৩ টি/৩ জন
ছাগল পালন সংক্রান্ত প্রশিক্ষণ এবং কর্মশালা ঃ	
ক) সদস্য অনাবাসিক প্রশিক্ষণ	২ টি/৫০ জন
টিকা, ট্যাবলেট ও অন্যান্য ঃ	
ক) টিকা	১২ বার/২৩২০ টি
খ) কৃমিনাশক	৯৭৯ টি/২৬৭৫ টি

ছাগী পালনকারী (বুনিয়াদ)

ছাগী পালনকারী (বুনিয়াদ)

ছাগী পালনকারী (জাগরণ)

ছাগী পালনকারী (জাগরণ)

ছাগী পালনকারী (অগ্রসর)

ছাগী পালনকারী (অগ্রসর)

খাসি মোটাতাজাকরণ (অগ্রসর)

খাসি মোটাতাজাকরণ (অগ্রসর)

বানিজ্যিক ঘাস উৎপাদন (জাগরণ)

উপকরণ বিতরণ

প্রশিক্ষণ

টিকা ও কৃমিনাশন প্রদান

লিফটঃ উচ্চমূল্য মানসম্পন্ন দেশীয় প্রজাতির মাছের হ্যাচারী

আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে মাছের উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে সরকার কর্তৃক গৃহীত উদ্যোগের সাথে সম্পৃক্ততা বৃদ্ধি এবং সংস্থার সংগঠিত লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীকে কারিগরি সেবা প্রদানের উদ্দেশ্যে মৎস্য কার্যক্রম বাস্তবায়ন করা। দেশীয় প্রজাতির মাছ প্রায় বিলুপ্ত। বিলুপ্ত প্রজাতির মাছগুলির পোনা উৎপাদন করে দেশীয় মাছ সংরক্ষণ এবং বাজারজাত করা।

কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম	অর্জন
প্রযুক্তি সম্প্রসারণ ঃ	
ক) কার্প ফ্যাটেনিং ও মনোসেক্স তেলাপিয়া মিশ্রচাষ	৮৭.৫ কেজি
খ) শিং মাছ	১৬.৬ কেজি

দেশী মাছের হ্যাচারী

পোনা নার্সিং-এর জন্য স্থাপিত বিভিন্ন ডিচ

পোনা নার্সিং-এর জন্য স্থাপিত বিভিন্ন ডিচ

হ্যাচিং জার

হ্যাচিং ট্যাংক

মাছে ইঞ্জেকশন পুশ

কার্প ফ্যাটেনিং

শিং মাছ সংগ্রহ

মনোসেক্স তেলাপিয়া সংগ্রহ

ব্ল্যাকবেঙ্গল ছাগলের কৌলিকমান সংরক্ষণ ও প্রজনন খামার

দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে ব্ল্যাকবেঙ্গল ছাগল পালন একটি সম্ভাবনাময় ও লাভজনক খাত। এই ছাগলের মাংস ও চামড়া অনন্য বলে স্বীকৃত। ব্যাকবেঙ্গল ছাগল বছরে দু'বার বাচ্চা দেয় এবং দরিদ্র জনগোষ্ঠী সহজেই তা লালন পালন করতে পারে। কিন্তু সঠিকভাবে পালন ও সংরক্ষণ না করার কারণে এই জাতটি ধীরে ধীরে তার বিশেষত্ব হারাচ্ছে। নিম্নে বর্ণিত উদ্দেশ্যকে বাস্তবায়নের লক্ষে সংস্থার নিজস্ব ব্ল্যাকবেঙ্গল ছাগল খামার স্থাপন করা হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

- গুণগত মানসম্পন্ন প্যারেন্ট স্টক সংগ্রহ ও ছাগল উৎপাদন;
- উপকারভোগীকে প্যারেন্ট স্টক সংগ্রহে সহায়তা প্রদান;
- মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য উপকারভোগী নির্বাচন এবং ছাগল পালনের জন্য উপকারভোগীর মাঁচা নিশ্চিতকরণ;
- উপকারভোগী পর্যায়ে উত্তম গুণাবলীর মা ছাগল সরবরাহ।

কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম	অর্জন
ছাগল পালন ঃ	
ক) মা ছাগল	৩৬ টি
খ) বাচ্চা উৎপাদন	৪৩ টি
গ) পাঁঠা	৩৬ টি
গাভী পালন ঃ	
ক) গাভী	৩ টি
খ) বকনা বাছুর	১ টি
গ) এড়ে বাছুর (ক্রয়)	১ টি
ঘ) দুধ উৎপাদন	১১৬০ লিটার

ব্ল্যাক বেঙ্গল ছাগলের খামার

ব্ল্যাক বেঙ্গল ছাগলের বাসস্থান

ব্ল্যাকবেঙ্গল ছাগলের বাসস্থান

ব্ল্যাকবেঙ্গল ছাগলের জন্য নির্ধারিত চারণভূমি

বাচ্চা উৎপাদন

ছাগলের পরিচর্যা

গাভী পালন

দুধ উৎপাদান

গরু মোটাতাজাকরণ

প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি ঃ

সাধারণত মানুষের গড় আয়ুর শেষ সময়কালকে বার্ধক্য বা প্রবীণকাল বলা হয়। জাতিসংঘের হিসেব অনুযায়ী অনুন্নত বিশ্বের জন্য ৬০ বছর বয়স ও তদুর্দ্ধ এবং উন্নত বিশ্বের জন্য ৬৫ বছর বয়স ও তদুর্দ্ধ বয়সীদের প্রবীণ হিসেবে চিহ্নিত করেছে। অবশ্য বাংলাদেশে বাস্তবতার পরিপ্রেক্ষিতে ৬০ বছরের নিচের অনেকে প্রবীণ হিসেবে গণ্য হন। বিশেষ করে আমাদের দেশের নারী জনগোষ্ঠীরা। এ সকল প্রবীণদের জীবনমান উন্নয়নের জন্য নিম্নে বর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়-

কার্যক্রমের অগ্রগতিঃ

কার্যক্রম	অর্জন
ক) দুঃস্থ্য ও অতি দরিদ্র প্রবীণ ব্যক্তিদের জন্য বয়স্ক ভাতা প্রদান (বছরে ১২ বার)	৯,৭৭,৫০০ টাকা/১৭১ জন
খ) প্রবীণ ব্যক্তিদের মৃত্যু পরবর্তীকালীন সময়ে সৎকারের জন্য আর্থিক সহায়তা প্রদান	১,২২,০০০ টাকা/৬১ জন

বয়স্ক ভাতা প্রদান

বয়স্ক ভাতা প্রদান

বয়স্ক ভাতা প্রদান

মৃত সৎকারের জন্য আর্থিক সহায়তা প্রদান

মৃত সৎকারের জন্য আর্থিক সহায়তা প্রদান

মৃত সৎকারের জন্য আর্থিক সহায়তা প্রদান

বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি (এডিআর) প্রকল্প ঃ

